

“হেলে হোক, মেয়ে হোক  
দুটি সন্তানই যথেষ্ট।”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়  
রাণীনগর, নওগাঁ।

Email-ufporaninogor@gmail.com

স্মারক নং-৫৯.১১.৬৪৮৫.০০২.২৭.০০১.২৫-

তারিখঃ- ২২ অগ্রহায়ন, ১৪৩২ বঙ্গাব্দ  
০৭ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ।

### বিষয়ঃ কর্মস্থলে অনুপস্থিতির জন্য কৈফিয়ত তলব প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৯/১১/২০২৫ খ্রিঃ তারিখ রোজ শনিবার কর্মদিবস হওয়ায় যথারীতি আপনার কর্মস্থলে উপস্থিত থেকে বিভাগীয় দায়িত্ব পালন করার কথা ছিল কিন্তু আপনি উপস্থিত হননি বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে অনুমোদিত ছুটি গ্রহণ করেননি হেতু কর্তৃপক্ষের নির্দেশে আপনাকে হাজিরা খাতায় অনুপস্থিত দেখানো হয়। তৎপ্রেক্ষিতে পরেরদিন (৩০/১১/২০২৫খ্রিঃ) আপনি স্বামীসহ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে উপস্থিত হয়ে এসএসিএমও, পরিবার কল্যাণ পরিদর্শিকা, ফার্মাসিস্ট ও নিরাপত্তা প্রহরীসহ সকলের সাথে উচ্চস্বরে অত্যন্ত খারাপ ভাষায় গালি-গালাজ করেন এবং হুমকি প্রদান করেন। আপনি বলেন, “কার এতোবড় ক্ষমতা যে আমাকে অনুপস্থিত করে? এছাড়াও, পূর্বে আপনি অফিসে গিয়ে শুয়ে-বসে থাকেন এবং কাজের কথা বললে কাজ না করে নানা অজুহাত দেখান-বলেও তাঁরা লিখিতভাবে জানিয়েছেন। আপনার এহেন কার্যকলাপ বিভাগীয় সুনাম ভঙ্গের পাশাপাশি কর্তব্য-কাজে চরম অবহেলা ও শৃঙ্খলা ভঙ্গের শামীল।

এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় বিধিগত প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করার জন্য উদ্বৃত্ত কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হবে না-তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির তিন (৩) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্ত:

১. হাজিরা শীট-০১(এক) প্রস্ত।
২. লিখিত অভিযোগ-০১(এক) প্রস্ত।

মোছাঃ মাজেদা বিবি  
আয়া  
গোনা মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র  
রাণীনগর, নওগাঁ।

মোঃ নুরে আলম

পরিচিতি নং-০৮-২০১৭০০০০০৩

মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি) (অতিঃ দাঃ)  
রাণীনগর, নওগাঁ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, নওগাঁ।
- ২। সহকারী পরিচালক (সিসি) ও ডিস্ট্রিক্ট কনসালটেন্ট (এফপিসিএস-কিউআইটি), নওগাঁ।
- ৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাণীনগর, নওগাঁ।
- ৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রাণীনগর, নওগাঁ।
- ৫। জনাব মিজানুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী (হিসাব), রাণীনগর, নওগাঁ। (পত্রটি পোর্টালে প্রকাশের জন্য বলা হলো)।